GEORGE TELEGRAPH
SINCE 1920
www.georgetelegraph.com

# জর্জ বুলেটিন

সংখ্যা ঃ ১ ● ১৪ সেপ্টেম্বর, ২০২৪

## আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (এ আই)

কোর্স ঃ- ডিপ্লোমা ইন বিজনেস অ্যানালিটিক্স উইথ জেনারেল এআই ( আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স)
সময়কাল ঃ- ১২ মাস
যোগ্যতা ঃ- যে কোনও স্ট্রিমে স্নাতক/স্নাতকোত্তর ছাত্রছাত্রীরা আবেদন করতে পারবে।
GenAI এর সাথে ব্যবসায়িক শিল্প সম্পর্কে কিছু কথা আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স এমন এক প্রযুক্তি যে আধুনিক সময়কালে ব্যাপক সম্প্রসারণ ঘটেছে।
ডেটা অ্যানালিস্ট বিজ্ঞানীরা বার্ষিক চাহিদার ৬০ শতাংশ বৃদ্ধির সম্ভাবনা দেখছেন। যেখানে মনে করা হচ্ছে, মেশিন লার্নিং ইঞ্জিনিয়ারদের চাকরির সুযোগ আগামী পাঁচ বছরে ৭০ শতাংশ বাড়বে পাবে বলে অনুমান করা হচ্ছে। GenAI চালিত প্রযুক্তি শেখার মাধ্যমে বিশ্বব্যাপী উল্লেখযোগ্য এবং প্রভাবশালী ক্যারিয়ারের পথ দেখাবে নতুন প্রজন্মকে। শিল্পের দিক প্রযুক্তি এবং আইটি, ফিনান্স এবং ব্যাঙ্কিং লজিস্টিকস এবং সাপ্লাই চেইন টেলিযোগাযোগ, উৎপাদন, বিপণন ও বিজ্ঞাপন, খুচরো এবং ই-কমার্স ব্যবস্থায় উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।
এই কোর্সে অর্জিত দক্ষতা মাইক্রোসফট এসকিউএল সার্ভার, ডাটাবেস ম্যানেজমেন্ট, জেনারেটিভ এআই টেকনোলজি, পাওয়ার বিআই, ট্যাবলো সার্ভার, ডেটা অ্যানালিটিক্স এবং স্ট্যাটিস্টিক্যাল স্কিল, ডেটা এথিক্স অ্যান্ড সিকিউরিটি, প্রজেক্ট ম্যানেজমেন্ট, কমিউনিকেশন স্কিল, বিগ ডেটা টেকনোলজি, বিজনেস অ্যাকুমেন, মেশিন লার্নিং এবং আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স।

## জ্ঞান জ্যোতি স্কলারশিপ

শিক্ষার্থীকে পড়াশোনা চালিয়ে যেতে হবে। কর্মসংস্থানের জন্য শিক্ষার্থীদের ইনস্টিটিউটের কোর্স চালিয়ে যেতে হবে। (দীর্ঘ মেয়াদী কোর্স) চাকরির জন্য দীর্ঘমেয়াদি কোর্সের জন্য এই স্কলারশিপ দেওয়া হয়। এই উদ্যোগের এটি দ্বিতীয় বছর। এর আগে আমরা হাজার ছাত্রছাত্রীকে এই স্কলারশিপ প্রদান করেছি।
যোগ্যতা ঃ- অর্থনৈতিকভাবে কমজোরি ছাত্রছাত্রীদের জন্য এবং সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি বোর্ডে যারা ৭০- ৮০ শতাংশের বেশি মোবী ছাত্র ছাত্রীদের এই স্কলারশিপের জন্য বিবেচনা করা হবে। তবে তাদের এই ইনস্টিটিউটে দীর্ঘমেয়াদি কোর্স চালিয়ে যেতে হবে।
স্কলারশিপ দাবি করার পদ্ধতি ঃ- শিক্ষার্থীদের একটি অ্যাপটিটিউড টেস্ট দিতে হবে । এটি একটি মৌলিক পরীক্ষা, যেখানে কমিউকেটিভ ইংরাজি, গণিত, সাধারণ জ্ঞান পরীক্ষা দিতে হবে। উদ্দেশ্য হল শিক্ষার্থীদের গণিতের প্রাথমিক জ্ঞান নিশ্চিত করা, ইংরেজি পড়তে ও বোঝা এবং পারিপার্শ্বিক অবস্থা সম্পর্কে সচেতন হওয়া। পরীক্ষায় ৮০ শতাংশ এর বেশি স্কোর করা শিক্ষার্থীরা কোর্সের মোট ফিতে ২০ শতাংশ বৃত্তি পাবে। পরীক্ষায় ৮০ এর কম স্কোর করা ছাত্রছাত্রীরা মোট কোর্স ফির প্রায় ১০- ১৫ শতাংশ স্কলারশিপ পাবে।

## বাজারে এসে গেল অ্যাপল সংস্থার আই ফোন ১৬ সিরিজ

বাঙালির শারদোৎসবের আগেই মোবাইল প্রেমীদের জন্য সুখবর। বাজারে ইতিমধ্যেই এসেছে অ্যাপল সংস্থার আইফোন ১৬ সিরিজ। এই সিরিজেও মোট ৪টি মডেল থাকবে। সেগুলি হল আইফোন ১৬, আইফোন ১৬ প্লাস, আইফোন ১৬ প্রো ও আইফোন ১৬ প্রো ম্যাক্স। প্রো মডেলের ডিসপ্লের আকার বেড়ে হচ্ছে যথাক্রমে ৬.৩ ইঞ্চি ও ৬.৯ ইঞ্চি। তবে ডিসপ্লের আকার বাড়লেও ফোনের আকার বাড়ছে না। ডিসপ্লের বেজেল আরও সরু করা হয়েছে। নতুন এই সিরিজে নন প্রো মডেলের দুটিতে ডিসপ্লের রিফ্রেশ রেট থাকতে পারে ৬০ হার্ৎজ।
নয়া সিরিজে ক্যামেরায় অ্যাপল ফিরিয়ে আনছে পাঁচ বছর আগের আইফোনের ক্যামেরার মডেল। লেন্স দুটি থাকবে লম্বা। যে লেন্সের একটা ৪৮ মেগাপিক্সেলের মেন সেন্সর, অন্যটা ১২ মেগাপিক্সেলের আল্ট্রাওয়াইড লেন্স। এই ফোনে অপটিক্যাল লেন্স রয়েছে। চারটি মডেলেই ব্যাটারির ক্ষমতা সামান্য বাড়ছে। সঙ্গে প্রো মডেল দু'টিতে ৪০ ওয়াটের চার্জিং সাপোর্ট, ২০ ওয়াটের ম্যাগসেফ চার্জিং থাকছেই।
প্রসেসর আপডেটও থাকছে। আইফোন ১৬ এবং ১৬ প্লাসে থাকবে বায়োনিক এ১৮ চিপ ও ১৬ প্রো, ১৬ প্রো ম্যাক্সে বায়োনিক এ ১৮ প্রো?
সময়ের সঙ্গে তাল মিলিয়ে রয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তা। চারটি মোবাইলেই থাকবে অ্যাপল ইন্টালিজেন্স। আইফোন ১৬ সিরিজের চারটি মডেলেই থাকছে 'ক্যাপচার' বোতাম। ফনের লক না খুলেও এই বোতাম পুশ করেই ক্যামেরা খুলে ছবি তোলা সম্ভব।
জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট আই ফোনের অত্যাধুনিক শিক্ষাও দিচ্ছে শিক্ষার্থীদের। তাঁরা উৎসাহ নিয়ে এই ধরণের ক্লাসগুলোতে বিশেষজ্ঞদের পরামর্শ শুনছেন।

## জর্জের প্লেসমেন্ট ফেয়ার



জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট পরিচালিত বিশাল প্লেসমেন্ট ফেয়ার বা কর্মসংস্থান মেলা শিয়ালদহ ক্যাম্পাসেই হয়ে গিয়েছে। মোট ১০০ এর বেশি নামী কোম্পানি এই প্লেসমেন্ট ফেয়ারে হাজির ছিল।
নামী কোম্পানির মধ্যে ছিল রিলায়েন্স জিও, মারুতি সুজুকি, ভোল্টাস, স্যামসাং, হুন্ডাই এবং ডাইকিনের মতো বহুজাতিক সংস্থা।
প্রতিষ্ঠানের সকল ছাত্রছাত্রীরাই কোনও না কোনও কোম্পানিতে প্লেসমেন্ট পেয়েছেন। ফাইনাল সেমিস্টারে মোট ৫০০ ছাত্রছাত্রী অংশ নিয়েছিলেন।
জর্জ টেলিগ্রাফের অধিকর্তা অনিন্দ্য দত্ত জানান, আমরা এমন একটা প্লেসমেন্ট ইকোসিস্টেম তৈরি করব যা কর্মক্ষেত্রে প্রচলিত ধারনাকে অতিক্রম করবে। আমরা এভাবেই নতুন প্রজন্মকে সুনিশ্চিত কর্মসংস্থানের পথ দেখাব।

## স্কিল ফেয়ার ২০২৪



জর্জ টেলিগ্রাফ এর প্রাক্তন ছাত্রছাত্রীরা সবাই নিজেদের ক্ষেত্রে প্রতিষ্ঠিত। তাঁরা সবসময় প্রমাণ করেছেন, অভিজাত প্রাতিষ্ঠানিক শিক্ষার একটা পৃথক দীপ্তি রয়েছে। ইনস্টিটিউট থেকে শিক্ষা নিয়ে বহু নামী কোম্পানির উচ্চ পদে কর্মরত।
জর্জ টেলিগ্রাফের অধিকর্তা অনিন্দ্য দত্ত বলেন, আমাদের ছাত্রছাত্রীদের ব্যতিক্রমী দক্ষতা সংস্থার উৎকর্ষতা বাড়িয়েছে সন্দেহ নেই। ১০৪ বছরের আমাদের এই সংস্থার শিক্ষা ও প্রশিক্ষণ পদ্ধতি সকল ছাত্রছাত্রীদের সাফল্যের দিকে নিয়ে গিয়েছে। আগামী দিনে যাবেও। প্রাতিষ্ঠানিক ঐতিহ্যের একটা ব্যাপার থাকে। জর্জ টেলিগ্রাফ সেটা বারবার প্রমাণ করেছে, করছেও। সম্প্রতি এই শতবর্ষ প্রাচীন সংস্থার প্রতিষ্ঠাতা দিবসে ছাত্রছাত্রীরা তাঁদের নানা কলাকুশলীতায় সংস্থার কার্নিভাল উৎসবকে রঙিন করে তুলেছিলেন। কেউ গান, নাচ, আবৃত্তি, ফ্যাশন শোর মাধ্যমে দিনটিকে স্মরণীয় করে তুলেছিলেন। স্কিল ফেয়ারে সঙ্গীত পরিবেশন করেন নামী গায়িকা উজ্জয়িনী।